20/5/2007

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ... 2 ...

## আজ মৃত-অবসরপ্রাপ্ত বেসরকারী শিক্ষক-কর্মচারীদের চেক প্রদান শুরু

**ইত্তেফাক রিপোর্ট ॥** আজ রবিবার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট হইতে মৃত-অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য অর্থ প্রদান কার্যক্রম শুরু হইবে। বিকাল ৪টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে এই উপলক্ষে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন। সভাপতিত্ব করিবেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডঃ সাদত হুসাইন। অনুষ্ঠানে দুই সহস্র মৃত-অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীর প্রাপ্ত অর্থের চেক প্রদান করা হইবে।